**পুনর্বিবেচনার আবেদন** নং-০৫৫/২০২৬

**বিষয় :** প্রধান সরঞ্জাম নিয়ন্ত্রক বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম কর্তৃক আহ্বানকৃত "Turbo Charger Core, Gasket Overhauling Cylinder Head,Delivery Valve for Injection Pump etc.= ৪ Items Piston Complete=4 Items for DEUTZ Disel Engine" শীর্ষক ক্রয় কার্যক্রমে সংঘটিত অনিয়মের প্রতিকার চেয়ে পিপিআর, ২০২৫ এর বিধি-৭২ অনুযায়ী রিভিউ প্যানেলে আপিল দায়ের।

**অভিযোগকারী/বাদী:** জনাব মোঃ শওকত আজম, স্বত্বাধিকারী, ১০০৩, ডি, টি রোড, মনসুরাবাদ, ডাবল মুরিং চট্টগ্রাম।

বনাম

**বিবাদী:**

১) প্রধান সরঞ্জাম নিয়ন্ত্রক (ক্রয়কারী), বাংলাদেশ রেলওয়ে, পাহাড়তলী, চট্টগ্রাম।

২) মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, আব্দুল গনি রোড, রেলভবন, ঢাকা -১০০০।

৩) সচিব, রেলপথ মন্ত্রণালয়, ১৬ আব্দুল গনি রোড, রেলভবন, ঢাকা।

৫.০ আদেশ:

বাদী ও বিবাদী পক্ষের উপস্থাপিত বক্তব্য, দাখিলকৃত নথিপত্র এবং রিভিউ প্যানেলের পর্যবেক্ষণের আলোকে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত আদেশ প্রদান করা হলোঃ

৫.১ আলোচ্য "Turbo Charger Core, Gasket Overhauling Cylinder Head, Delivery Valve for Injection Pump etc.= ৪ Items for DEUTZ Disel Engine (Tender ID-১০৯৩৮২৬)" শীর্ষক ক্রয়ের ক্ষেত্রে রিভিউ প্যানেলের আদেশ জারির তারিখ হতে ২ (দুই) সপ্তাহের মধ্যে ক্রয়কারী/ক্রয়কারী কার্যালয়ের প্রধান কর্তৃক যথাযথভাবে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা Azmain Trade International-এর সাথে চুক্তি স্বাক্ষর করবে;

৫.২ বাংলাদেশ রেলওয়ে কর্তৃক ০৩/০৩/২০২৬ তারিখে অনুমোদিত ২ (দুই) সদস্যবিশিষ্ট তদন্ত কমিটি এতদ্বারা বাতিল ঘোষণা করা হলো;

৫.৩ ভবিষ্যতে রেলওয়ে মন্ত্রণালয়কে রিভিউ প্যানেলের আপিল শুনানিতে ক্রয়কারী নিজে, ক্রয়কারী কার্যালয়ের প্রধান এবং প্রশাসনিক মন্ত্রণালয়ের প্রতিনিধির উপস্থিতি নিশ্চিত করার জন্য নির্দেশ প্রদান করা হলো; এবং

৫.৪ বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি কর্তৃক বাদীর দাখিলকৃত নিরাপত্তা জামানত ফেরত প্রদান করা হবে।

| | | |
|---|---|---|
| (আব্দুল হক) | (মোছাঃ লুৎফা বেগম) | (প্রকৌঃ শেখ নজরুল ইসলাম) |
| সদস্য | সদস্য | চেয়ারপারসন |
| রিভিউ প্যানেল- ২ | রিভিউ প্যানেল- ২ | রিভিউ প্যানেল- ২ |